

শিক্ষণীয় বিষয়

(১) ইবরাহীম (আঃ) তাঁর স্ত্রী ও দুগ্ধপোষ্য সন্তানকে জনমানব শূন্য ও চাষাবাদহীন এক শুষ্ক মরু উপত্যকায় রেখে আসলেন, কোন সুস্থ বিবেক এ কাজকে সমর্থন করতে পারে না। কিন্তু যারা আল্লাহতে বিশ্বাসী, তাদের জন্য বিষয়টি মোটেই আশ্চর্যজনক নয়। আর সেকারণেই হাজারে গভীর প্রত্যয়ে বলে উঠেছিলেন, **إِنَّ لَّا يُضَيِّعُنِي اللَّهُ** 'তাহ'লে আল্লাহ আমাকে ধ্বংস করবেন না'। আল্লাহ যে কেবল বিশ্বাসের বস্তুত নয়, বরং তিনি সার্বক্ষণিকভাবে বান্দার তত্ত্বাবধায়ক, ইবরাহীমের উক্ত কর্মনীতির মধ্যে তার স্পষ্ট প্রমাণ রয়েছে। অতি যুক্তিবাদী ও

বস্তুতবাদীদের জন্য এর মধ্যে রয়েছে বড় ধরনের এক শিক্ষণীয় বিষয়।

(২) ইবরাহীমের দো'আ আল্লাহ এমন দ্রুত কবুল করেছিলেন যে, দু'একদিনের মধ্যেই সেখানে সৃষ্টি হয় পানির ফোয়ারা, যা যমযম কূয়া নামে পরিচিত হয় এবং যার উৎসধারা বিগত প্রায় সোয়া চার হাজার বছর ধরে আজও সমভাবে বহমান। কিন্তু এই পানির রূপ-রস-গন্ধ কিছুই কোন পরিবর্তন হয়নি। এ পানির কোন হরাস-বৃদ্ধি নেই। বৈজ্ঞানিক গবেষণায় প্রমাণিত হয়েছে যে, এ পানিতে এমন সব উপাদান রয়েছে, যা মানুষের জন্য খাদ্য ও পানীয় উভয় চাহিদা মেটাতে সক্ষম। পৃথিবীর অন্য কোন পানিতে এ গুণ নেই। দৈনিক লাখ লাখ গ্যালন পানি ব্যয় হওয়া সত্ত্বেও এ

পানির কোন ক্ষয় নেই, লয় নেই, কমতি নেই। এর কারণ অনুসন্ধানে বছরের পর বছর চেষ্টা করেও বৈজ্ঞানিকেরা ব্যর্থ হয়েছেন। ফালিল্লা-হিল হাম্দ।

(৩) তখন থেকে অদ্যাবধি মক্কা মু'আয্যমায় চাষাবাদের তেমন কোন ব্যবস্থা নেই। কিন্তু সারা পৃথিবী হ'তে তাবৎ ফল-ফলাদি সর্বদা সেখানে আমদানী হয়ে থাকে এবং সর্বদা অধিকহারে মওজুদ থাকে। আধুনিক বিশ্বের কোন শহরই এর সাথে তুলনীয় নয়। নিঃসন্দেহে এটা হ'ল ইবরাহীমের দো'আর অন্যতম ফসল।

(৪) ইবরাহীম (আঃ)-এর দো'আয় বলা হয়েছিল, 'আমি আমার সন্তানকে এখানে রেখে যাচ্ছি যেন তারা এখানে ছালাত কায়েম করে'। আল্লাহর রহমতে সেদিন

থেকে অদ্যাবধি এখানে ছালাত, ত্বাওয়াফ
ও অন্যান্য ইবাদত সর্বদা জারি আছে।

(৫) দো'আয় তিনি বলেছিলেন, 'মানব
সমাজের কিছু অংশের হৃদয়কে তুমি
এদের প্রতি ঝুঁকিয়ে দাও'। নিঃসন্দেহে সেই
অংশটি হ'ল সারা বিশ্বের মুসলিম সমাজ।
ইবরাহীম (আঃ) জানতেন যে, বিশ্বের
সমস্ত লোক কখনো মুমিন হবে না।
তাছাড়া তাবৎ বিশ্ব যদি কা'বার প্রতি ঝুঁকে
পড়ত, তাহ'লে সেখানে বসবাস, স্থান
সংকুলান ও নিরাপত্তা ব্যবস্থার সংকট দেখা
দেওয়া অবশ্যস্বাভাবী ছিল। তখন থেকে
এযাবত সর্বদা একদল শক্তিশালী ও
ধর্মপরায়ণ মানুষ মক্কার সুরক্ষা ও
নিরাপত্তার কাজে নিয়োজিত রয়েছে। দেড়
হাজার বছর পূর্বে খৃষ্টান গভর্নর আবরাহার

সকল প্রচেষ্টা যেমন ব্যর্থ হয়েছিল,
ক্ষিয়ামত অবধি শত্রুদের সকল চক্রান্ত
এভাবেই ব্যর্থ হবে ইনশাআল্লাহ।